ক্রিডেন্স ফার্স্ট শরিয়াহ ইউনিট ফান্ডের খসড়া প্রস্পেক্টাস অনুমোদন

রিডেন্স ফার্স্ট শরিয়াহ ইউনিট ফান্ডের খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। গতকাল ৬২৩তম কমিশন সভা শেষে নির্বাহী পরিচালক ও মুখপাত্র সাইফুর রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিএসইসি এ তথ্য দেয়।বেমেয়াদি এ ফান্ডের উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক ক্রিডেন্স অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড। ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করবে ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ (আইসিবি)। মিউচুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১০ কোটি টাকা। http://bonikbarta.net

বি' ক্যাটাগরিতে আজিজ পাইপস

সর্বশেষ হিসাব বছরে ৫ শতাংশ স্টক লভ্যাংশ বিতরণ সম্পন্ন করায় স্টক এক্সচেঞ্জে 'জেড' থেকে 'বি' ক্যাটাগরিতে উন্নীত হয়েছে আজিজ পাইপস লিমিটেড। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে এ তথ্য জানা গেছে।ক্যাটাগরি পরিবর্তনের কারণে ৩০ কার্যদিবস এ কোম্পানির শেয়ারের বিপরীতে কোনো মার্জিন ঋণ সুবিধা পাবেন না বিনিয়োগকারীরা। ১০ জানুয়ারি থেকে 'বি' ক্যাটাগরিতে এ কোম্পানির লেনদেন শুরু হবে।৩০ জুন সমাপ্ত ২০১৭ হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুসারে, এক বছরে কোম্পানিটির শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ৫৭ পয়সা। ৩০ জুন কোম্পানির শেয়ারপ্রতি নিট দায় (ঋণাত্মক এনএভিপিএস) দাঁড়ায় ৫৩ টাকা ৭১ পয়সায়।এদিকে চলতি হিসাব বছরের প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) ১১ পয়সা ইপিএস দেখিয়েছে আজিজ পাইপস। আগের বছর একই সময়ে তা ছিল ১৪ পয়সা। ৩০ সেপ্টেম্বর এর ঋণাত্মক এনএভিপিএস দাঁড়ায় ৫৩ টাকা ৫৯ পয়সায়।http://bonikbarta.net

কেন্দ্রীয় ব্যাংকের মাধ্যমে সরকারি সিকিউরিটিজ পুনঃক্রয়ের উদ্যোগ

সরকারি সিকিউরিটিজের রিডেম্পশন প্রোফাইল ভারসাম্যপূর্ণ করা ও ট্রেজারি বন্ডের সংখ্যা কমানোর লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশের মতো বাংলাদেশেও সরকারি সিকিউরিটিজ পুনঃক্রয়ের উদ্যোগ নেয়া হয়েছে। সরকারের পক্ষে বাংলাদেশ ব্যাংক এ কার্যক্রম পরিচালনা করবে। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ সম্প্রতি এ ব্যাপারে অনুমোদন দিয়েছে। পাশাপাশি অর্থ বিভাগ এ-সংক্রান্ত একটি নীতিমালাও প্রণয়ন করেছে। এ নীতিমালা মেনেই সরকারি সিকিউরিটিজ পুনঃক্রয় কার্যক্রম পরিচালনা করবে কেন্দ্রীয় ব্যাংক।নীতিমালায় বলা হয়েছে, অর্থ বিভাগের নির্ধারিত অকশন ক্যালেন্ডার অনুযায়ী রিভার্স অকশন অথবা ওভার দ্য কাউন্টারের (ওটিসি) পদ্ধতিতে ১ লাখ টাকা বা এর গুণিতক অংকের অভিহিত মূল্যে ট্রেজারি বিল বা বন্ডের পুনঃক্রয় করা হবে। বাংলাদেশ ব্যাংকে চলতি হিসাব রয়েছে, এমন সব ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান সরাসরি এ কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। এমনকি আবাসী বা অনাবাসী ব্যক্তি ও অন্যান্য প্রতিষ্ঠান, যাদের কেন্দ্রীয় ব্যাংকে চলতি হিসাব নেই, তারাও এ কার্যক্রমে অংশ নিতে পারবে। তবে এক্ষেত্রে তাদের এমন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে মাধ্যম হিসেবে ব্যবহার করতে হবে, যাদের বাংলাদেশ ব্যাংকে চলতি হিসাব রয়েছে।http://bonikbarta.net

২৪ ঘন্টা পর বেনাপোলে আমদানি-রফতানি চালু

একদিন বন্ধ থাকার পর গতকাল সকাল থেকে বেনাপোল-পেট্রাপোল স্থলবন্দর দিয়ে আমদানি-রফতানি পুনরায় শুরু হয়েছে। ভারতের পেট্রাপোল সিঅ্যান্ডএফ এজেন্ট ও কাস্টমসের মধ্যে বিরোধের কারণে সোমবার সারাদিন এ পথে আমদানি-রফতানি বন্ধ ছিল।এদিকে আমদানি-রফতানি শুরু হওয়ায় বেনাপোল স্থলবন্দরে কর্মচাঞ্চল্য ফিরলেও বেনাপোল চেকপোস্ট থেকে বন্দর পর্যন্ত এলাকায় বেড়েছে যানজট। এতে আমদানিকৃত পণ্যবাহী ট্রাকের দীর্ঘ লাইন পড়ে যায়। ওপারের পেট্রাপোলে অন্তত ২০ হাজার ট্রাক বেনাপোলে প্রবেশের অপেক্ষায় রয়েছে।পেট্রাপোল ক্লিয়ারিং এজেন্ট স্টাফ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক কার্তিক চক্রবর্তী জানান, পেট্রাপোল কাস্টমস অফিসের কর্মকর্তা-কর্মচারীদের নানা হয়রানির প্রতিবাদে সোমবার সকাল থেকে আমদানি-রফতানি বন্ধ রাখা হয়। ওইদিন রাতে প্রশাসনের সঙ্গে বৈঠকে সিঅ্যান্ডএফ এজেন্টদের দাবি মেনে নেয়ায় আমরা গতকাল সকাল থেকে আমদানি-রফতানি কার্যক্রম ফের শুরু করেছি।http://bonikbarta.net

প্রাকৃতিক দুর্যোগে যুক্তরাষ্ট্রের ক্ষতি ৩১ হাজার কোটি ডলার

ব্যবসা-বাণিজ্য ও অন্যান্য ক্ষেত্রে গত বছরটি ছিল যুক্তরাষ্ট্রসহ প্রধান অর্থনীতির দেশগুলোর জন্য ইতিবাচক একটি বছর। কিন্তু প্রাকৃতিক দুর্যোগের কারণে সে সাফল্য একটি বড় প্রশ্নের মুখে পড়েছে। গেল বছরে তিনটি শক্তিশালী হারিকেন, দাবানল, শিলাবৃষ্টি, বন্যা, টর্নেডো, খরাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে যুক্তরাষ্ট্রের ক্ষতি হয়েছে ৩০ হাজার ৬০০ কোটি ডলার; যা ইউরোপীয় দেশ ডেনমার্কের বার্ষিক জিডিপির সমান। যুক্তরাষ্ট্রের জাতীয় সামুদ্রিক ও পরিবেশ প্রশাসন-ন্যাশনাল ওশেনিক অ্যান্ড অ্যাটমসফেরিক অ্যাডমিনিস্ট্রেশন (এনওএএ) সোমবার এ আশঙ্কাজনক তথ্যগুলো সামনে নিয়ে আসে। খবর টাইম ও ইউএসএ টুডে।২০১৭ সালে যুক্তরাষ্ট্র অন্তত ১৬টি বড় প্রাকৃতিক দুর্যোগের মুখোমুখি হয়েছে। প্রতিটি দুর্যোগেই অন্তত ১০০ কোটি ডলারের বেশি সম্পদের ক্ষয়ক্ষতি হয়েছে। এক বছরে দুর্যোগের সংখ্যার দিক থেকে ২০১১ সালের সমান হলেও ক্ষয়ক্ষতির দিক থেকে অতীতের রেকর্ড ভেঙে দিয়েছে। প্রাকৃতিক দুর্যোগে রেকর্ড ক্ষতি হয়েছিল ২০০৫ সালে। জর্জ ডব্লিউ বুশের সময়কালে হারিকেন, ঘূর্ণিঝড়সহ বেশ কয়েকটি প্রাকৃতিক দুর্যোগের কারণে দেশটির ক্ষতি হয়েছিল ২১ হাজার ৫০০ কোটি ডলার। গত বছর এ ব্যয়ের পরিমাণ বেড়ে দাঁড়ায় ৩০ হাজার ৬০০ কোটি ডলার।http://bonikbarta.net

স্যামসাংয়ের মুনাফায় নতুন রেকর্ড

দক্ষিণ কোরিয়াভিত্তিক স্যামসাং ইলেকট্রনিকস জানিয়েছে, অক্টোবর-ডিসেম্বর প্রান্তিকে তাদের পরিচালন মুনাফা রেকর্ড ৬৪ শতাংশ বেড়েছে। সেমিকন্ডাক্টর খাতে ব্লকবাস্টার ব্যবসার সুবাদে গত বছর এ যাবত্কালের মধ্যে সর্বোচ্চ বার্ষিক পরিচালন আয় ও বিক্রির দেখা পেয়েছে কোম্পানিটি। খবর এপি ও সিনহুয়া।http://bonikbarta.net

পুঁজিবাজার নিম্নমুখী

টানা চার কার্যদিবস ধরে কমছে পুঁজিবাজারের মূল্যসূচক ও লেনদেন। সেই সঙ্গে কমছে বেশির ভাগ কম্পানির শেয়ার দাম। আর প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীর অংশগ্রহণ তুলনামূলক কম হওয়ায় নিম্নমুখী হয়েছে বাজার। সপ্তাহের তৃতীয় কার্যদিবস গতকাল মঙ্গলবার দেশের দুই পুঁজিবাজার ডিএসই ও সিএসই সূচক ও লেনদেন কমেছে। আগের দিনও দুই বাজারেই সূচক কমেছিল। তবে ডিএসইতে সূচক ও লেনদেন নিম্নমুখী থাকলেও সিএসইতে লেনদেন বেড়েছিল।http://www.kalerkantho.com